

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং -৬৭/২০১৯

তারিখঃ ০৬/১১/২০১৯ খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টমস বন্ড কমিশনারেট, সেগুন বাগিচা, ঢাকা এর বিজ্ঞপ্তি স্মারক নং- ৫(২০)৪২৩/কাস/সিএন্ডএফ/লাইঃ/বিবিধ/২০০৪/১১৪৩৮২০৩৬, তারিখ-২৯/১০/২০১৯খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৩৪২/১,সেগুন বাগিচা, ঢাকা।

“বিজ্ঞপ্তি”

দি কাস্টম এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা, ২০১৬ এর রুল নং-০৯ এর বিধান মোতাবেক কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকার আওতাধীন যে সমস্ত কাস্টমস এজেন্টস্ লাইসেন্স এর মেয়াদ আগামী ৩১/১২/২০১৯ তারিখ উত্তীর্ণ হবে, সে সকল লাইসেন্স ২০২০-২০২৪খ্রিঃ মেয়াদ পর্যন্ত নবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কাগজ পত্র সহ আগামী ১৫/১১/২০১৯ তারিখের মধ্যে ডেপুটি কমিশনার, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা বরাবরে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলোঃ

০২। নির্ধারিত তারিখের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদন না পাওয়া গেলে বা অসম্পূর্ণ কাগজপত্র দাখিলের কারণে নবায়ন সম্ভব না হলে ১৫/১১/২০১৯ তারিখ হতে মেয়াদ উত্তীর্ণ লাইসেন্সের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা যাবে না। মেয়াদ উত্তীর্ণের পর লাইসেন্স এর কার্যকারিতা স্থগিত করে সংশ্লিষ্ট ইপিজেডে পত্র প্রেরণ করা হবে।

বর্ণিতাবস্থায় ক) ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে যে সকল কাস্টম সরকারের কাস্টম পারমিটের মেয়াদ শেষ হবে, পরবর্তী মেয়াদের জন্য উক্ত কাস্টম সরকারের পারমিট নবায়নের লক্ষ্যে আগামী ১৫/১১/২০১৯ তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো এবং খ) একইসাথে কাস্টমস্ এজেন্ট লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের পূর্বে জটিলতা এড়ানোর জন্য কাস্টমস্ এজেন্ট লাইসেন্স নবায়নের জন্য নিম্নলিখিত দলিলাদিসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলোঃ

- ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি সম্বলিত এবং মূল মালিক কর্তৃক স্বাক্ষরিত নবায়নের আবেদনপত্র;
- মূল লাইসেন্সের কপি;
- নবায়ন ফি বাবদ ৫,০০০/-টাকার ট্রেজারী চালানের মূল কপি, চালান কোড নং- ১/১১৩৬/০০০৫/১৮৫৪ এবং নবায়ন ফি'র উপর ১৫% ভ্যাট চালান কোড নং-১/১১৩৬/০০০৫/০৩১১ এ সোনালী ব্যাংক মতিঝিল কার্যালয়ে জমা প্রদান করে চালানের কপি আবেদনের সাথে দাখিল করতে হবে;
- ট্রেড লাইসেন্সের (হালনাগাদ) সত্যায়িত কপি;
- হালনাগাদ আয়কর সনদের কপি;
- হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসক চালানের কপি(প্রযোজ্য ক্ষেত্রে);
- নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য মূসক পরিশোধের চালানের কপি;
- স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এসোসিয়েশন এর সদস্যভুক্তির সনদপত্র;
- পূর্ববর্তী মেয়াদের পারফরমেন্স সার্টিফিকেট;

স্বাঃ-
(সম্প্রীতি প্রামাণিক)
উপ-কমিশনার
ও
সদস্য সচিব
লাইসেন্সিং কর্তৃপক্ষ

নথি নং-৫(২০)৪২৩/কাস/সিএন্ডএফ/লাইঃ/বিবিধ/২০০৪/১১৪৩৮২০৩৬,

তারিখ-২৯/১০/২০১৯খ্রিঃ